

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০২২৫

তারিখ: ১৮ নভেম্বর, ২০২৩খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ঢাবি, ইসলামিক স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনরায় সভাপতি নির্বাচিত হয়েছেন
ইআবি, ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ



ঢাকা বিশ্ববিদ্যালয়, ইসলামিক স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের দ্বিতীয় বারের মতো সভাপতি নির্বাচিত হয়েছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন অধ্যাপক ড. মোস্তফা কামাল। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্যানেল সদস্যদের ভোটে পুনরায় তিনি সভাপতি হিসেবে নির্বাচিত হন।

আজ ১৮ নভেম্বর ২০২৩ শনিবার ঢাবি, ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ইসলামিক স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের তৃতীয় পুনর্মিলনী ও দ্বি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, অ্যালামনাই অ্যাসোসিয়েশন হলো একটি বিশ্ববিদ্যালয়ের সবথেকে বড় শক্তি এবং প্রাণের জায়গা। নিজ বিশ্ববিদ্যালয়ের প্রতি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রত্যেকেরই দায়বদ্ধতা থাকে আর সেই দায়বদ্ধতা থেকেই আমরা চেষ্টা করি প্রত্যেকটি শিক্ষার্থীর পাশে দাঁড়াতে।

এ সময়, উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, আজকে এখানে আমরা যারা উপস্থিত হয়েছি সকলেরই মনে রাখতে হবে একটি সুন্দর ও সুখম দেশ, জাতি ও বিশ্ববিদ্যালয় গঠনে আমাদের অবদান রাখতে হবে।

ইসলামিক স্টাডিজ বিভাগের সকল শিক্ষার্থীদের সর্বোচ্চ নৈতিক শিক্ষা দেয়া হয় বলেই সারা বাংলাদেশের কোথাও এই বিভাগের শিক্ষার্থীদের দেশ ও জাতি বিরোধী কোন অপরাধের সাথে জড়িত হতে দেখা যায় না বলেও উল্লেখ করেন অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

অনুষ্ঠানে ইসলামিক স্টাডিজ বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে বিভিন্ন শিক্ষাবর্ষের ৫২ জন শিক্ষার্থীকে এককালীন বৃত্তি প্রদান করা হয়।

স্বাক্ষরিত/-

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- অফিস নথি।